

নানা সমস্যায় জর্জরিত

পটুয়াখালী টিচার্স

ট্রেনিং কলেজ

পটুয়াখালী প্রতিনিধি

সুপার, সহকারী সুপার, ইন্সট্রাক্টর শূন্যতাসহ নানাবিধ সমস্যায় যাতাকলে হাবুড়বু খাচ্ছে পটুয়াখালী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই)।

১৯৯৯ সাল থেকে প্রায় ৪ বছর ধরে পিটিআইর সুপার পদটি শূন্য রয়েছে। ভারপ্রাপ্তদের দিয়েই এখনও চালানো হচ্ছে সুপারের কাজ-কর্ম। ২০০১ সালের মার্চ মাস থেকে প্রতিষ্ঠানটির সহকারী সুপারের পদটিও শূন্য রয়েছে। এছাড়া প্রতিষ্ঠানটির ১২ জন প্রশিক্ষকের মধ্যে কর্মরত আছেন মাত্র ৫ জন। পরীক্ষণ প্রশিক্ষক ৫টি পদের মধ্যে কর্মরত আছেন মাত্র ৩ জন।

অপরদিকে, পুরুষ হোস্টেলে প্রকট আকারে সিন্টের সমস্যা দেখা দিয়েছে। প্রতি কক্ষে ৪ সিটে ৮ জন করে প্রশিক্ষার্থী শিক্ষককে থাকতে হচ্ছে। হোস্টেলে অবস্থানরত ৮৪ জন প্রশিক্ষার্থীর জন্য মাত্র ৩টি টয়লেট রয়েছে। মহিলাদের আবাসিক হোস্টেলেও একই অবস্থা বিরাজমান। মহিলা প্রশিক্ষার্থীরা জানান, হোস্টেল সংলগ্ন বাউন্ডারি দেয়ালের উচ্চতা কম থাকায় প্রায়ই তাদের বিভিন্ন সমস্যায় পড়তে হচ্ছে। তারা মহিলা হোস্টেলে অবস্থানকারীদের পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা নেই বলে জানান। এ ব্যাপারে জেলা প্রশাসককে একাধিকবার লিখিতভাবে জানানো হলেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এ ছাড়াও ইন্সটিটিউটে পানি সরবরাহ কম, একটিমাত্র পুকুর থাকলেও তাতে পাকা কোন ঘাট নেই। ব্যবহারিক এবং খাবার পানির সংকট, কক্ষে বৈদ্যুতিক পাখা নেই। পিটিআই ক্যাম্পাসে রয়েছে বহিরাগতদের উৎপাত। এদিকে ডায়নিং রুম ছোট থাকায় প্রশিক্ষার্থীদের খাওয়া-দাওয়ায় জেগাজি পোহাতে হয়।